

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ২.২০ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী ও কমদতলী এলাকায় ৩ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধ সূর্যবানু রেস্টোরাঁকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার এন্ড বেকারী ও বনফুল সুইটসকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ফাতেমা মেডিকেল হলকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ৩ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ১টি বাজার তদারকির মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে মোট ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, ঢাকা মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।